

## মহানগর পাঠাগার

## ভবনের ভরবস্থা

রাজধানী চাকার ওসমানী উদ্যানস্থ জাতীয় গ্রন্থকেন্দ্র পরিচালিত মহানগর পাঠাগারটি দীর্ঘদিন যাবৎ শহরের শত শত জ্ঞানপিপাসু তথা ছাত্র, শিক্ষক, গবেষকের প্রয়োজন মিটাইয়া আসিতেছে। প্রতিদিন এই পাঠাগারে অল্পশ্রু পাঠকের সমাগম লক্ষ্য করা যায়। কিন্তু হিতৈষী এই পাঠাগার ভবনটি বহু পূর্বে নির্মিত বলিয়া ইহাব ছাদসহ বিভিন্ন স্থানে বর্তমানে ফাটল দেখা দিয়াছে। ফলে একটু বৃষ্টি হইলেই ভবনের অভ্যন্তরে পানি পড়িতে শুরু করে। যাহা পাঠক-পাঠিকা ছাড়াও কর্মচারীদের রীতিমত বেকায়দায় ফেলিয়া দেয়। উল্লেখ্য- সম্প্রতি ভবনটির বিভিন্ন দিক পর্যালোচনা করিয়া উহাকে ব্যবহারের অযোগ্য ঘোষণা করা হইয়াছে। ব্যবহারের অনুপযোগী এ ভবনটি যে কোন মুহূর্তে ধসিয়া পড়িয়া যারারক দুর্ঘটনা ঘটতে পারে। তাই এই ভবন তথা পাঠাগারটির ব্যাপারে দ্রুত সিদ্ধান্তে পৌঁছার জন্য যথাযথ কর্তৃপক্ষের মৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ আসাদুল্লাহ টিটো, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।